

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ১১ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/২৪ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৮৯-আইন/২০২৩।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের কলাম ১ এ উল্লিখিত ক্রমিক নং ২, ৩ এবং ৪ ও উহাদের বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ২, ৩ এবং ৪ ও উহাদের বিপরীতে কলাম ২, ৩, ৪ এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

২।	সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)	...	পদোন্নতির মাধ্যমে	হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদে ৭ (সাত) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হইতে মেধাক্রম অনুসারে।
৩।	হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)	...	পদোন্নতির মাধ্যমে	নিরীক্ষক (রাজস্ব) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হইতে মেধাক্রম অনুসারে।

(৫০২১)

মূল্য : টাকা ৪.০০

৪।	নিরীক্ষক (রাজস্ব)	৩০ বৎসর	(ক) ২০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতি: নিম্নমান সহকারী-কাম- মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হইতে মেধাক্রম অনুসারে।</p> <p>সরাসরি নিয়োগ: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; তবে, সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।”।</p>
----	-------------------	---------	---	--

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খলিলুর রহমান
সচিব।